# আশাশুনি উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/২০২২ মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ এ বি এম মোস্তাকিম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আশাশুনি, সাতক্ষীরা।

সভার তারিখ ঃ ২৪-০২-২০২২ খ্রিঃ।
সভার সময় ঃ ১১.০০ ঘটিকা।
সভার স্থান ঃ আশাশুনি উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভার পরবর্তী কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কার্যবিবরণী পাঠান্তে কারো কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয় ।

২.০.০ বরাদ্দ সংক্রান্ত আলোচনাঃ

(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি/২০২১-২২ অর্থ বছরে ৪ (চার) কিস্তিতে ১১৪.৭৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে। উক্ত টাকায় গৃহীত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান ও সিডিউল তৈরীর জন্য আনুসাংগিক খরচ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত টাকা ব্যয়ের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এডিপি/২০২১-২২ অর্থ বছরে এডিপি'র বরাদ্দকৃত টাকায় গৃহীত স্কীম সমূহ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান ও সিডিউল তৈরী বাবদ আনুসাংগিক খরচ বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এডিপি'র ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দকৃত টাকা হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, আশাশুনি, সাতক্ষীরা।

(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বদলীজনিত কারনে নতুন উপজেলা নির্বাহী অফিসার যোগদান করায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কিছু টুকিটাকি মেরামত ও রং করনের প্রয়োজন। কর্তৃপক্ষের নির্দেশে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করনের জন্য ২,৪৩,১৪৬/- টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজ বাস্তবায়ন এবং টাকা ব্যয়ের বিষয়ে সিদ্ধান্তের প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করনের জন্য ২,৪৩,১৪৬/- টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উক্ত টাকার কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য আরএফকিউ পদ্ধতিতে দরপত্র আহবান পূর্বক উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, আশাশুনি, সাতক্ষীরা।

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ উপজেলায় উপজেলা ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে। দপ্তর সমূহকে উপজেলা ডিজিটাল সেন্টার থেকে প্রয়োজনীয় দাপ্তরিক কাজ করার অনুরোধ জানান। একই সাথে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তাদেরকে তাদের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন ডিজিটাল সেন্টার সমূহে কার্যক্রম অব্যাহত রয়েছে। যে সমস্ত বিভাগের কার্যক্রম ওয়েব পোর্টালে হালনাগাদ করা নেই সে সমস্ত বিভাগের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। যাতে সাধারণ জনগণ ওয়েব পোর্টাল হতে প্রয়োজনীয় তথ্য নিয়ে সেবা পেতে পারে সে ব্যবস্থা করতে হবে। একই সাথে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ওয়েব পোর্টাল প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে। | ১) উপজেলা ডিজিটাল সেন্টার হতে সরকারী দপ্তর সমূহকে তাদের প্রয়োজনীয় দাপ্তরিক কাজ বাইরে থেকে না করে ডিজিটাল সেন্টার হতে করতে হবে।<br>২) উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাগণকে তাদের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>৩) ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার সমূহের উদ্যোক্তাগণের মাধ্যমে ওয়েব পোর্টাল প্রতিনিয়ত হালনাগাদ করে সেবার মান গতিশীল করতে হবে। | ১। বিভাগীয় কর্মকর্তাগণ ।<br>২। সকল ইউপি চেয়ারম্যান। |

৪.০০বিভাগীয় আলোচনা

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪.০.১ | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার,আশাশুনি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, আশাশুনি। |
| ৪.০.২ | উপজেলা প্রকৌশলী বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী,আশাশুনি। |

| | | | |
|---|---|---|---|
| ৪.০.৩ | **মৎস্য বিভাগের কার্যক্রম ঃ**<br>উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য অফিস আশাশুনি |
| ৪.০.৪ | **সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রয়ারী/২২ মাসে উপজেলা সমাজসেবা কার্যালয়ে হতে প্রতিটি ইউনিয়নে ১ জন করে ভিক্ষুক পূর্নবাসন করা হয়েছে। যারা ভিক্ষাবৃত্তি ছেড়ে নিজ নিজ পেশায় যোগ দিয়েছে। উপজেলা সমাজকল্যান কমিটি আশাশুনি থেকে ৩০ জন ব্যক্তিকে ৩০০০/-টাকা করে ৯০,০০০/-প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত প্রতিবন্ধি ভাতার ৮৫৩ জনের বরাদ্দ কমিটির মাধ্যমে বাছাইকৃত ব্যক্তিদের নামে পে-রোল করা হয়েছে। তারা প্রত্যেকে ৪৫০০/- টাকা করে পেয়েছেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিস আশাশুনি<br>সাতক্ষীরা। |
| ৪.০.৫ | **কৃষি বিভাগের কার্যক্রমঃ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার আশাশু সাতক্ষীরা। |
| ৪.০.৬ | **উপজেলা শিক্ষা অধিদপ্তরঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্ত আশাশুনি। |
| ৪.০.৭ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন বিভাগের কার্যক্রমের মধ্যে প্রশিক্ষন ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণদান কর্মসূচী চলমান রয়েছে। চলমান মাস পর্যন্ত এ অর্থ বছরে ৩০০ জন যুব ও যুব নারীদেও অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষন সম্পন্ন রয়েছে। এছাড়া ৪৪ জন প্রশিক্ষিত নর ও নারীকে আত্মকর্মসংস্থানের জন্য ২০,৩৩,০০০/-টাকা প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আশাশুনি। |
| ৪.০.৮ | **উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্রঃ**<br>উপজেলা সামাজিক বনায়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজিক বনায়ন কর্মকর্তা, আশাশুনি |
| ৪.০.৯ | **পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রম ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রয়ারী/২০২২ মাসে আশাশুনি উপজেলার মোট সক্ষম দম্পতি ৫৭৫৯৮, সর্বমোট গ্রহনকারী ৪৭০৫১, গ্রহনকারীর হার-৮১.৬৯%। এর মধ্যে স্থায়ী পদ্ধতিতে ০৬ জন জন, আইইউডিতে ৫ জন, ও ইমপ্লান্ট পদ্ধতিতে ৪৮ জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া খাবার বড়ি ২৬,৩৫০ জন, কনডম ২৩৮৮ জন ও ইনজেকটেবলস মাধ্যমে ৮২৭৭ জনকে সেবা প্রদান করা হয়। গর্ভবতী মায়ের যত্ন ৬১৪ জন,গর্ভোত্তর যত্ন ৫৭৭ জন, সাধারণ রোগীর সেবা ৬১৮৫ জন ও শিশু(০-৫বৎসর) সেবা প্রাপ্ততার সংখ্যা ৩৭৫১ জন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আশাশুনি। |
| ৪.১০ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমঃ**<br>উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা জনস্বাস্থ প্রকৌশলী, আশাশুনি |
| ৪.১১ | **উপজেলা মহিলা বিষয়ক অফিসের কার্যক্রমঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারী/২২ সালেরর ভিজিডি খাদ্য বিতরণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের আত্ন কর্মসংস্থানের জন্য আয় বর্ধক (আইজিএ) প্রশিক্ষন কার্যক্রম ১৩তম ব্যাচে ০২ শিফটে স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষন কার্যক্রম চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আশাশুনি। |
| ৪.১২ | **আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগের কার্যক্রমঃ**<br>আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগের | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক অফিসার,আশাশুনি। |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ৪.১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,আশাশুনি,সাতক্ষীরাঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়িত টি,আর, কাবিখা ও কাবিটা উপজেলা পরিষদ ওয়ারী ও নির্বাচনী এলাকা ভিত্তিক প্রতিটা প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। প্রকল্প অনুযায়ী চুড়ান্ত বিল নিতে হলে অবশ্যয় ছবি দিয়ে ফাইনাল বিল নিতে হবে। অন্যথায় বিল দেওয়া হবে না। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং টি,আর, কাবিখা ও কাবিটার চুড়ান্ত বিল নেওয়ার আগে অবশ্যয় প্রকল্পের পূর্বের এবং পরের ছবি জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আশাশুনি। |
| ৪.১৪ | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কর্মকর্তা,আশাশুনি। |
| ৪.১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কোভিট-১৯ এর কারনে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রান চঞ্চলতা ফিরে এসছে। ১২-১৮ বছরের প্রায় ২৭০০০ শিক্ষার্থীদের মধ্যে কভিট-১৯ এর ফাইজের ১ম ও ২য় ডোজ টিকাদান সম্পন্ন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,আশাশুনি। |
| ৪.১৬ | উপজেলা প্রাণিসম্পদ-দপ্তরঃ<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বেসরকারী টীকা প্রদান কর্মী নিয়োগ করার জন্য অত্র উপজেলায় সকল ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়ের মাধ্যমে প্রতিটি ওয়ার্ড পর্যায়ে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজোলা প্রানি সম্পদ অফিসার,আশাশুনি, সাতক্ষীরা। |
| ৪.১৭ | উপজেলা সমবায় বিভাগের কার্যক্রমঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সমবায় অফিসটি ভঙ্গুর ও জরজীর্ন্য অবস্থায় আছে। অফিসের ভিতরে স্যাতসেতে পরিবেশ থাকায় অফিসের কার্যক্রম পরিচালনা করা করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। দরজা জানালা ভালো না থাকায় অফিসের ল্যাপটব,ডেক্সটবসহ অফিসের গুরুত্বপূর্ন্য কাগজপত্রাদি সংরক্ষন করা ঝুকিপূর্ন হয়ে পড়েছে। যে কোন সময় দূর্ঘটনা ঘটে যেতে পারে। এজন্য অফিসটি অন্যত্র স্থানান্তর করা প্রয়োজন। এ বিষয়ে তিনি উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী আফিসারের দৃষ্টি আকর্ষন করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা সমবায় অফিসটি জরজীর্ন ও ঝুকিপুর্ন হওয়ায় অফিসটি যতদ্রুত সম্ভব স্থানান্তর এর সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিস,আশাশুনি,সাতক্ষীরা। |
| ৪.১৮ | উপজেলা নির্বাচন অফিসঃ<br>উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আগামী ০২ মার্চ ২০২২ জাতীয় ভোটার দিবস যথাযথ ও যথাযোগ্যভাবে মর্যাদায় কর্মসূচী পালনের লক্ষে উপজেলা পর্যায়ে দিবসের কর্মসূচীর কর্মপরিকল্পনা অনুযায়ী অনুষ্ঠিত হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার,আশাশুনি,সাতক্ষীরা। |
| ৪.১৯ | চেয়ারম্যান আনুলিয়া ইউনিয়ন পরিষদঃ<br>চেয়ারম্যান আনুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,উপজেলা সদর হতে পূর্বদক্ষিনে ৪টি ইউনিয়নে প্রায় ২৫০,০০০ জনসাধরন বসবাস করে। জেলা ও উপজেলায় প্রতিনিয়ত কাজের জন্য মানিকখালি ব্রীজ পার হতে হয়। আইলা,সিডর, ইয়াশের মতো প্রাকৃতিক দূর্যোগ এখানকার মানুসের নিত্য সঙ্গি। তাই অবহেলিত জনপদের কথা বিবেচনা করে মানিকখালি ব্রীজে টোল বন্ধের দাবী জানান। এছাড়া সরকারী রাস্তা পার্শ্বে যে সমস্ত ঘের মালিকরা রাস্তার পার্শ্বে আউট ড্রেন না করে মৎস্য চাষ করছে,সে সমস্ত ঘের মালিকদের | ১.এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং মানিকখারি ব্রীজের টোল বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২. আউটড্রেন না করে যে সমস্ত ঘের মালিকরা সরকারি রাস্তার ব্যবহার করে ঘের করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,আশাশুনি,সাতক্ষীরা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। | | |
| ৪.২০ | চেয়ারম্যান শ্রীউলা ইউনিয়ন পরিষদঃ<br>চেয়ারম্যান শ্রীউলা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, শ্রীউলা ইউনিয়ন যেহেতু ঘের অঞ্চল সেহেতু প্রায় প্রতিটা রাস্তা ঘেরের সাথে সংযুক্ত।আউটড্রেন না থাকায় রাস্তা গুলো নষ্ট যাচ্ছে। সরকারি রাস্তার দীর্ঘস্থায়ী করার জন্য আউটড্রেন করে মাছ চাষ করার জন্য দাবী জানান। এছাড়া সুপেয় পানির অভাব থাকার কারনে গভীর নলকুপ ও রেইন ওয়াটার হার্ভেষ্টিং এর বরাদ্দ বেশি পাওয়ার জন্য দাবী জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সরকারি রাস্তার পাশ্বে আউটড্রেন না করে যে সমস্ত ঘের মালিকরা ঘের করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,আশাশুনি<br>ও<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ৪.২১ | চেয়ারম্যান শোভনালী ইউনিয়ন পরিষদঃ<br>চেয়ারম্যান শোভনালী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সালখালি বাজারে কালভার্টটি ভেঙে যাওয়ায় দ্রুত ব্রীজ নির্মানের দাবী করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুত সম্ভব ব্রীজ নির্মানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী,আশাশুনি,সাতক্ষীরা। |
| ৪.২২ | চেয়ারম্যান বুধহাটা ইউনিয়ন পরিষদঃ<br>চেয়ারম্যান বুধহাটা ইউপি সভায় জানান যে, বুধহাটা ইউনিয়নে সরকারি খালে অবৈধ যে সমস্ত নেট পাটা আছে,সেগুলো অপসারনের অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সরকারি খালে অবৈধ নেট পাটা অপসারনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,আশাশুনি,সাতক্ষীরা। |

সভায় নিয়ে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

এ বি এম মোস্তাকিম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নং-০৫.৪৪.৮৭০৪.০০০.১৮.০১৭.২০১৮. ২৪৪ /১(৫০)

তারিখ ঃ ২৪/০২/২০২২ খ্রিঃ ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। অধ্যাপক ডাঃ আ,ফ, ম, রুহুল হক, মাননীয় সংসদ সদস্য, ১০৭- সাতক্ষীরা-৩।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ,খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাশুনি।
০৭। নির্বাহী প্রকৌশলী, ................................................................ সাতক্ষীরা।
০৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, আশাশুনি।
০৯। উপজেলা ............................................ অফিসার (সকল), আশাশুনি, সাতক্ষীরা।
১০। চেয়ারম্যান, ............................................ইউপি, আশাশুনি, সাতক্ষীরা।
১১। ..................................................................................

মোঃ ইমরানুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
আশাশুনি, সাতক্ষীরা।